

সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ :

ভোক্তা-অধিকার বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে এ পর্যন্ত ৩৯,৬৪০ টি লিফলেট, প্যাম্ফলেট, স্টিকার ও ক্যালেন্ডার বিতরণ করা হয়েছে। ভোক্তা অধিকার বিরোধী কার্য প্রতিরোধের লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর অধীনে চাঁপাইনবাবগঞ্জ জেলার বিভিন্ন উপজেলাতে মোবাইল টিম কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে ৬৬ টি বাজার অভিযানের মাধ্যমে ১০,৪২,০০০(দশ লক্ষ বিয়াল্লিশ হাজার) টাকা ২০১৯-২০ অর্থবছরে ১৩৮ টি বাজার অভিযানের মাধ্যমে ৯,৯১,০০০(নয় লক্ষ একানব্বই হাজার) টাকা এবং ২০২০-২১ অর্থবছরের ১ জুলাই ২০২০ থেকে ২০ জুন ২০২১ পর্যন্ত ১৮১টি বাজার অভিযানের মাধ্যমে ৮,২৩,৫০০(আট লক্ষ তেইশ হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে মোট ১০ টি লিখিত অভিযোগ পাওয়া যায়, যার মধ্যে ১০ টি অভিযোগই নিষ্পত্তি করা হয়েছে এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ২৫,০০০(পঁচিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়; ২০১৯-২০ অর্থবছরে মোট ২৯ টি লিখিত অভিযোগ পাওয়া যায়, যার মধ্যে ২৫ টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৪৮,০০০(আটচল্লিশ হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়; ২০২০-২১ অর্থবছরের ১ জুলাই ২০২০ থেকে ২০ জুন ২০২১ পর্যন্ত মোট ৬১ টি লিখিত অভিযোগ পাওয়া যায়, যার মধ্যে ৪৭ টি অভিযোগ নিষ্পত্তি করা হয়েছে এবং অভিযোগ নিষ্পত্তির মাধ্যমে ৬৩,০০০(তেষাট্টি হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়; ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর ৭৬(৪) ধারায় গত তিন অর্থবছরে ১ জুলাই ২০২০ থেকে ২০ জুন ২০২১ পর্যন্ত আদায়কৃত জরিমানার ২৫% হিসেবে মোট ৩৫ জন অভিযোগকারীকে ৪১,০০০ (একচল্লিশ হাজার) টাকা প্রদান করা হয়। জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে চাঁপাইনবাবগঞ্জ জেলা ও সকল উপজেলায় ভোক্তা-অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ বিষয়ক সেমিনার/আলোচনা সভা ও ৪২ টি সচেতনতামূলক সভা আয়োজন করা হয়েছে। চাঁপাইনবাবগঞ্জ জেলা ও উপজেলাসমূহে প্রতিবছর মার্চ মাসের ১৫ তারিখে বিশ্ব ভোক্তা-অধিকার দিবস উদযাপন করা হয়েছে।

মোঃ জাহিরুল ইসলাম
২৪/৬/২৩

মোঃ জাহিরুল ইসলাম
সহকারী পরিচালক
চাঁপাইনবাবগঞ্জ জেলা কার্যালয়
জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ
বাণিজ্য মন্ত্রণালয়।